



## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সাথে মার্কিন দুতাবাস কর্মকর্তাদের মতবিনিময়

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৪ মার্চ ২০২৪খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরজ্জামান ভূঁইয়া ও মার্কিন দুতাবাসের কর্মকর্তাগণের মধ্যে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। অদ্য ১৪ মার্চ ২০২৪ তারিখ দুপুর ১২ টায় উপাচার্য মহোদয়ের সভাকক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় মার্কিন দুতাবাসের প্রতিনিধিত্ব করেন দুতাবাসের পাবলিক ডিপ্লোমেসি সেকশনের পাবলিক ইনগেইজমেন্ট কোর্টিনেটের ফারোহা সুহরোয়ান্দী এবং দুতাবাসের পাবলিক অ্যাফেয়ার্স স্পেশালিস্ট ফারহানাজ মেহরিন। মতবিনিময় কালে যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থীদের একাডেমিক সহযোগিতা, বিভিন্ন প্রোফেশনাল প্রেত্রাম এবং ক্ষেত্রালোকের বিষয়ে আলোচনা হয়। এছাড়াও শিক্ষার্থীদের মধ্যে নেতৃত্বের গুনাবলী বিকাশ, ভাষাগত দক্ষতা বৃদ্ধি, যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ফুল ব্রাইট ক্ষেত্রালোকে, লংটাইম ও স্টার্টাইম কোর্সসহ নানা বিষয় নিয়ে আলোচনা হয়। উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থীদের একাডেমিক ও গবেষণা সংক্রান্ত বিষয়ে তাদের সহযোগিতা কর্মনা করেন। এক্ষেত্রে তারা বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার মান উন্নয়নে পাশে থাকার আশ্বাস প্রদান করেন। মতবিনিময় সভায় বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, কলা ও মানবিক অনুষদের ডিন তানভীর কায়ছার, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ড. আবদুল্লাহ আল মাসুদ, প্রক্টর (ভারপ্রাপ্ত) ড. আব্দুল কাইউম, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট (ভারপ্রাপ্ত) ড. হেনো রানী বিশ্বাসসহ বিভাগীয় চেয়ারম্যান ও শিক্ষকমণ্ডলীগণ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৪ খ্রি

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়